

## সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৩০২৩

১৪/ কর, খাজনা, অনুদান ও প্রশাসনিক দায়িত্ব সম্পর্কে (كتاب الخراج والإمارة والفيء)

পরিচ্ছেদঃ ১৬৬. ইয়াহুদীদের আরবভূমি হতে বহিস্কার প্রসংগে।

### باب فِي إِخْرَاجِ الْيَهُودِ مِنْ جَزِيرَةِ الْعَرَبِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ خَالِدٍ، حَدَّثَنَا عُمَرُ، - يَعْنِي ابْنَ عَبْدِ الْوَاحِدِ - قَالَ قَالَ سَعِيدٌ - يَعْنِي ابْنَ عَبْدِ الْعَزِيزِ - جَزِيرَةُ الْعَرَبِ مَا بَيْنَ الْوَادِي إِلَى أَقْصَى الْيَمَنِ إِلَى تُخُومِ الْعِرَاقِ إِلَى الْبَحْرِ . قَالَ أَبُو دَاوُدَ قُرِئَ عَلَى الْحَارِثِ بْنِ مِسْكِينَ وَأَنَا شَاهِدٌ أَخْبَرَكَ أَشْهَبُ بْنُ عَبْدِ الْعَزِيزِ قَالَ قَالَ مَالِكٌ عُمَرُ أَجْلَى أَهْلِ نَجْرَانَ وَلَمْ يُجْلَوْا مِنْ تَيْمَاءَ لِأَنَّهَا لَيْسَتْ مِنْ بِلَادِ الْعَرَبِ فَأَمَّا الْوَادِي فَإِنِّي أَرَى إِنَّمَا لَمْ يُجَلَّ مَنْ فِيهَا مِنَ الْيَهُودِ أَنَّهُمْ لَمْ يَرَوْهَا مِنْ أَرْضِ الْعَرَبِ .

বাংলা

৩০২৩. মাহমুদ ইবন খালিদ (রহঃ) ..... সাঈদ অর্থাৎ ইবন আবদিল আযীয (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আরবভূমি 'ওয়াদী-কুররা' হতে ইয়ামনের শেষ প্রান্ত পর্যন্ত বিস্তৃত এবং ইরাক হতে সমুদ্র পর্যন্ত বিস্তৃত।

আবু দাউদ (রহঃ) বলেনঃ হারিছ ইবন মিসকীনের নিকট এরূপ পড়া হয়েছিল, যখন আমি সেখানে উপস্থিত ছিলাম যে, মালিক (রহঃ) থেকে বর্ণিত। উমার (রাঃ) নাজরানবাসীদের বহিস্কার করেছিলেন, তবে তিনি তাদেরকে তায়মা থেকে বহিস্কার করে নি। কেননা, তা আরবভূমির অন্তর্ভুক্ত ছিল না। আর 'ওয়াদী-কুররা'র ইয়াহুদীদের এ জন্য বহিস্কার করা হয়নি, আমার ধারণায়, তাঁরা 'ওয়াদী-কুররাকে' আরবভূমি হিসাবে মনে করেননি।

## English

Sa'id bin Abd Al 'Aziz said "Arabia lies between Al Wadi to the extremes of the Yemen extending to the frontiers of Al Iraq and the sea."

Abu Dawud said "This tradition was read out to Al Harith bin Miskin while I was a witness". Ashhab bin 'Abd Al Aziz reported it to you on the authority of

Malik who said 'Umar expelled the people of Najran, but he did not expel (them) from Taima. For it did not fall within the territory of Arabia. As for Al Wadi, I think the Jews were not expelled from there. They did not think it a part of the land of Arabia.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=35130>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন